

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
নগর উন্নয়ন অধিদপ্তর
থানা সেন্টার প্ল্যানিং-২
www.udd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.২১

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৭

০৩ মার্চ ২০২১

বিষয়: ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) হতে নারায়নগঞ্জ জেলায় চায়না G to G ঋণ সহায়তায় ডিপিডিসির আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় ফতুল্লা থানার খাঁনপুর মৌজায় একটি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণের জন্য ১.০৫ (এক দশমিক শূণ্য পাঁচ) একর ভূমি অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি পত্র প্রদান প্রসঙ্গে।

সূত্র: স্মারক নং- ২৭.৮৭.০০০০.৪০৭.৬৬.০০২.২০.২১, তারিখঃ ১৮ জানুয়ারী, ২০২১ ইং।

ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) হতে নারায়নগঞ্জ জেলায় চায়না G to G ঋণ সহায়তায় ডিপিডিসির আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় ফতুল্লা থানার খাঁনপুর মৌজায় একটি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মাণের জন্য ১.০৫ (এক দশমিক শূণ্য পাঁচ) একর ভূমি অধিগ্রহণের নিমিত্তে অনাপত্তি পত্রের জন্য আবেদন করেছে। যার মৌজা সিডিউল (মৌজা ম্যাপ, সংযুক্তি-০১) নিম্নরূপ:

থানা নাম	মৌজা নাম	জে এল নং	শিট নং	আর এস দাগ নং	দাগে মোট জমির পরিমাণ (একর)	অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একর)	পূর্ণ/আংশিক
ফতুল্লা, নারায়নগঞ্জ	খানপুর	১৩	০০	২৬	০.৪৩	০.৪৩	পূর্ণ
				২৭	০.৬৫	০.৬২	আংশিক
মোট						১.০৫	

তদুপরি উক্ত এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদন অনুযায়ী ডিপিডিসি কর্তৃক প্রস্তাবিত জমিটি বর্তমানে প্রায় ২-৩ ফুট পানিতে নিমজ্জিত। পানির উপরে বাশের মাচা তৈরী করে বর্তমানে অস্থায়ী বুট এর দোকান হিসেবে জমিটি ব্যবহৃত হচ্ছে এবং বুট মালামাল সংরক্ষণের কাজ করা হচ্ছে। এছাড়া প্রস্তাবিত জমির মধ্যে উত্তর-দক্ষিণ দিকে পল্লীবিদ্যুৎ লাইন বিদ্যমান রয়েছে, পশ্চিম সীমানায় কিছু অংশে ড্যাপের প্রস্তাবিত রাস্তা ও কয়েকটি অস্থায়ী টিনশেড ঘর রয়েছে, যা বুট মালামাল সংরক্ষণের কাজে ব্যবহৃত হচ্ছে এবং বাকী অংশ খালি ও পানিতে নিমজ্জিত রয়েছে। (পরিদর্শন প্রতিবেদন, সংযুক্তি-০২, গুগল ম্যাপ, সংযুক্তি-৩)। Detailed Area Plan (DAP) এর Database অনুযায়ী জমিটির প্রস্তাবিত ব্যবহার Administrative Zone এবং Proposed Road Network (DAP ম্যাপ, সংযুক্তি-০৪)। রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক উক্ত স্থানে প্রস্তাবিত রাস্তার জমি ছেড়ে দেয়ার শর্ত সাপেক্ষে অনাপত্তি প্রদান করা হয়েছে (স্মারক নং-২৫.৩৯.০০০০.০৩১.৩৬.০২৬.২০.১, তারিখ:

১৭/০১/২০২১) (রাজউক এর অনাপত্তি পত্র, সংযুক্তি-০৫)।

এমতাবস্থায়, “চায়না G to G ঋণ সহায়তায় ডিপিডিসির আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় একটি ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্র নির্মানের লক্ষ্যে প্রস্তাবিত দাগে পরিদর্শন প্রতিবেদন এবং নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ১.০৫ (এক দশমিক শূন্য পাঁচ) একর জমি অধিগ্রহণে নির্দেশক্রমে নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি পত্র প্রদান করা হলো।

০১. রাজউক কর্তৃক প্রদত্ত শর্ত অনুসরণ পূর্বক নিজস্ব Access Road তৈরী করতে হবে।

০২. প্রস্তাবিত জমিতে বিদ্যুৎ উপকেন্দ্র নির্মান করা হলে পাশ্ববর্তী এলাকায় পানির প্রবাহ অক্ষুন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উল্লেখ্য যে, এই অনাপত্তি নারায়নগঞ্জ জেলায় ডিপিডিসি কর্তৃক প্রস্তাবিত জমি অধিগ্রহণের জন্য নগর উন্নয়ন অধিদপ্তরের অনাপত্তি ব্যতিত অন্য কোন মালিকানা বা শর্ত নির্ধারণ করে না। বর্ণিত জায়গায় কোন উচ্ছেদ বা আইনগত জটিলতার উদ্ভব হলে তা প্রত্যাশী সংস্থা বহন করবে।

সংযুক্তি:

০১. প্রকল্পের স্থান চিহ্নিতপূর্বক মৌজা ম্যাপ।

০২. পরিদর্শন প্রতিবেদন।

০৩. গুগল ম্যাপ

০৪. Detailed Area Plan (DAP) অনুযায়ী জমিটির প্রস্তাবিত ব্যবহার।

০৫. রাজউক এর অনাপত্তি পত্র।



৩-৩-২০২১

উদয় শংকর দাস

সিনিয়র প্ল্যানার

মোঃ আসাদুজ্জামান, উপ-সচিব ও কোম্পানি সচিব
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
(ডিপিডিসি), বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়,
বিদ্যুৎ ভবন, ১, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০১.১৭.২১/১(৭)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৭

০৩ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (চলতি দায়িত্ব), নগর উন্নয়ন অধিদপ্তর

২) উপ-পরিচালক, উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর

৩) সিনিয়র প্ল্যানার, ট্রেনিং এন্ড ডকুমেন্টেশন সেল, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি দপ্তরের ওয়েবসাইটে

আপলোডের অনুরোধসহ)।

- ৪) সিনিয়র প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৫) সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর
- ৬) প্ল্যানার, থানা সেন্টার প্লানিং-২, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৭) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর



৩-৩-২০২১

জাকিয়া সুলতানা

প্ল্যানার